

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 09-09-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**New Criminal Laws :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগামীকাল দুপুর ১২টায় হাঁপানীয়াস্থিত ইন্ডোর প্রদর্শনী হলে 'নতুন ফৌজদারী আইন' শীর্ষক ৫ দিনব্যাপী রাজ্যভিত্তিক প্রদর্শনীর উদ্বোধন করবেন। এই প্রদর্শনী আগামী ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত চলবে।

\*\*\*\*\*

**PM Visit Himachal & Punjab :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ হিমাচল প্রদেশের বন্য কবলিত এলাকা আকাশপথে পরিদর্শন করবেন। তিনি কাংড়া জেলার ধর্মশালায় রাজ্য সরকারের সঙ্গে দুর্যোগজনিত ক্ষয়ক্ষতি নিয়ে একটি পর্যালোচনা বৈঠক করবেন। আজই বন্য পরিস্থিতি পর্যালোচনা করতে পাঞ্জাব সফর করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

\*\*\*\*\*

**International Literacy Day-Tripura :**

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে নয়াদিল্লির ড. আশ্বেদকর আন্তর্জাতিক কেন্দ্রে গতকাল জাতীয় পর্যায়ের অনুষ্ঠানে গোটা দেশের সামনে পূর্ণ সাক্ষর ত্রিপুরার সাফল্যের উজ্জ্বল চিত্র তুলে ধরেন রাজ্যের শিক্ষাদপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা ও দক্ষতা উন্নয়ন মন্ত্রকের প্রতিমন্ত্রী জয়ন্ত চৌধুরী, রাজ্যের উচ্চশিক্ষা ও পঞ্চায়েতমন্ত্রী কিশোর বর্মন। জাতীয় শিক্ষানীতির বাস্তবায়নে ত্রিপুরার অগ্রণী ভূমিকার বিষয়, অনুপ্রেরণা ও দৃঢ়সংকল্প দৃষ্টান্ত হিসেবে তুলে ধরা হয়।

\*\*\*\*\*

### **PM On GST :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পরবর্তী প্রজন্মের জিএসটি সংস্কার এবং অনলাইন গেমিং প্রমোশন অ্যান্ড রেগুলেশন অ্যাক্ট, ২০২৫ সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ আইনের সুবিধা সম্পর্কে জনগণকে সচেতন করার জন্য এনডিএ সাংসদদের অনুরোধ করেছেন। তিনি গতকাল দুদিনের বিজেপি এবং এনডিএ সাংসদদের কর্মশালার সমাপ্তি অধিবেশনে এই আহবান জানান। কর্মশালা শেষে বরিষ্ঠ বিজেপি নেতা কিরেন রিজিজু বলেন, কর্মশালায় প্রধানমন্ত্রী এনডিএ সাংসদদের একটি আন্তর্নির্ভর ভারত গঠনে নেতৃত্বের ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Piyush Goyal, EEPC :**

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীয়ুষ গোয়েল বলেছেন যে ব্যবসা প্রতিষ্ঠানগুলির স্বদেশী পণ্যের উপর মনোযোগ দেওয়া উচিত, কারণ এটি কেবল ভারতের প্রবৃক্ষিতে সহায়তা করবে না বরং দেশের আর্থিক নিরাপত্তাকেও শক্তিশালী করবে। গতকাল নতুনদিল্লিতে ৫৬তম EEPC ইন্ডিয়া জাতীয় পুরষ্কার অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শ্রী গোয়েল বলেন, বিশ্বব্যাপী পরিস্থিতিতে যতই চ্যালেঞ্জ আসুক না কেন, ভারত একটি জাতি হিসেবে প্রিক্যবদ্ধ রয়েছে।

# ##### Byte-Piyush Goyal #####

\*\*\*\*\*

### **Swasth Nari Sashakt Parivar Abhiyaan :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মাসের ১৭ তারিখে "সুস্থ নারী সশক্ত পরিবার অভিযানের" সূচনা করবেন। সামাজিক মাধ্যমে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড়া বলেছেন যে এই উদ্যোগের লক্ষ্য হল সারা দেশে মহিলা এবং

শিশুদের জন্য স্বাস্থ্যসেবা জোরদার করা, উন্নততর প্রাপ্যতা, মানসম্পন্ন যন্ত্র এবং সচেতনতা নিশ্চিত করা।

\*\*\*\*\*

### **VC Election :**

উপরাষ্ট্রপতি পদের জন্য আজ নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনে এনডিএ মনোনীত প্রার্থী এবং মহারাষ্ট্রের রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণণ এবং ইন্ডিয়া স্লকের মনোনীত প্রার্থী, সুপ্রিম কোর্টের প্রাক্তন বিচারপতি বি সুদুর্শন রেড্ডি রয়েছেন। এবার উপরাষ্ট্রপতি নির্বাচনের জন্য ভোটার সংখ্যা ৭৪১ এবং সংখ্যাগরিষ্ঠতার সংখ্যা ৩৯১।

\*\*\*\*\*

### **CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্য সরকার স্বচ্ছতার মাধ্যমে সর্বস্তরের জনগণের মান উন্নয়নে কাজ করে যাচ্ছে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে সমাজকল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। অনুষ্ঠানে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিংকু রায় বলেছেন, অঙ্গনওয়াড়ি কর্মীদের পূজা অনুদান ২১০ টাকা বাড়িয়ে ২৩১০ টাকা করা হয়েছে।

\*\*\*\*\*

### **Bal Vivah Mukt Bharat :**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, বাল্যবিবাহ এক ভয়াবহ সামাজিক ব্যাধি। তা বন্ধ করতে সমাজের প্রতিটি স্তরে আন্দোলন গড়ে তুলতে হবে। গতকাল তেলিয়ামুড়ার উত্তর কৃষ্ণপুর গ্রামের কৃষ্ণপুর পুরাতন বাজার এলাকায় এক জনসম্পর্ক সভায় তিনি একথা বলেন।

\*\*\*\*\*

### **National Sample Survey :**

ন্যাশানাল সেম্পল সার্ভের ৭৫ বছর উপলক্ষে ন্যাশানাল স্টেটিস্টিকস দপ্তরের আগরতলা আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে গতকাল হলিক্রস স্কুলে আন্তঃবিদ্যালয় প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হয়। কেন্দ্রীয় পরিসংখ্যান ও কর্মসূচী কল্পায়ন মন্ত্রকের ডেপুটি ডিরেক্টর জেনারেল অনিল দিগন্ধর পাটিল আকাশবাণীর প্রতিনিধিকে জানান, NSS'র ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে প্রবন্ধ প্রতিযোগিতা ছাড়াও সচেতনতামূলক র্যালি, হাঁটা, সচেতনতামূলক শিবির ইত্যাদির আয়োজন করা হয়েছে।

## All Tripura Blind Committee :

ଅଲ ଟ୍ରିପୁରା ବ୍ଲାଇନ୍ କମିଟିର କର୍ଯ୍ୟାଳୟେ ସମ୍ପ୍ରତି CABT କ୍ରିକେଟ ସଂସ୍ଥାର ଏକ ଗୁରୁତ୍ୱପୂର୍ଣ୍ଣ ସଭା ଅନୁଷ୍ଠାନିକ ହ୍ୟା। ସଭାଯା ସର୍ବସମ୍ମାନିକରମେ ଦୁଇ ବଚନେର ଜନ୍ୟ ୨୪ ଜନେର ଏକଟି କମିଟି ଗଠନ କରା ହ୍ୟା। କମିଟିର ସଭାପତି ଓ ସମ୍ପଦକ ହ୍ୟେଚେନ ଯଥାକ୍ରମେ ମାଧ୍ୟମରେ ଘୋଷ ଓ ସଞ୍ଜ୍ୟଧନ ଭୌମିକ।

## Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস।